

**কৃষি বিশ্ববিদ্যালয়
২৪শে ডিসেম্বর
থেকে ছুটি**

কৃষি বিশ্ববিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : আগামী ২৪শে ডিসেম্বর থেকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাসসমূহ ছুটি হচ্ছে। শীতকালীন ছুটিসহ রমজান, শবে কদর, জমাতুল বিদা, ঈদুল ফিতর এবং শ্রীপঞ্চমী পূজা উপলক্ষে শুক্রবার (২৪শে ডিসেম্বর) থেকে ক্লাসসমূহ বন্ধ থাকবে। শীতকালীন ছুটি ১ সপ্তাহ, ২৪ থেকে ৩১শে ডিসেম্বর, ১লা জানুয়ারি থেকে পবিত্র রমজান, শবে কদর, জমাতুলবিদা ও ঈদুল ফিতরের ছুটি থাকবে। গতকালই (২২-১২-৫৫) অধিকংশ শিক্ষার্থীকে ক্যাম্পাস ভ্যাগ করতে দেখা গেছে।

চৌদ্দ মাস পরেও

দীর্ঘ চৌদ্দ মাস পরেও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নির্মাণাধীন মুক্তিযুদ্ধ স্মৃতি ভাস্কর্যের কাজ শেষ হয়নি। ভাস্কর শ্যামল চৌধুরী ১৯৯৮ সালের অক্টোবর মাস থেকে ভাস্কর্যের নির্মাণকাজ শুরু করেন। প্রধানমন্ত্রী ও বাংলাদেশ কৃষিবিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর শেখ হাসিনার প্রতিশ্রুতি মোতাবেক শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনের সামনে স্মৃতি ভাস্কর্য নির্মাণের স্থান নির্ধারণ করা হয়। উপাচার্য অধ্যাপক ডঃ মুহাম্মদ হোসেন মুক্তিযুদ্ধ স্মৃতি ভাস্কর্য নির্মাণ কমিটির সভাপতি।